

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩০.১৫(অংশ)-৪১৭


তারিখ : ১৬ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

**বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি এবং স্বীকৃতি প্রদান।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বেসরকারি উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে উদ্যোক্তাবৃন্দ মন্ত্রণালয় হতে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি না নিয়েই পাঠদানের অনুমতির জন্য আবেদন করছেন। ফলে “শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা-১৯৯৭” অনুযায়ী স্থাপনের অনুমতি ব্যতিরেকে পাঠদানের অনুমতির আবেদন করায় তা নিষ্পত্তির ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। মন্ত্রণালয় হতে স্থাপনের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পাঠদানের অনুমতি প্রদান করার বিধান রয়েছে।


এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হচ্ছে যে, নীতিমালার অনুচ্ছেদ নং ৪ এর (৩) (৪) ও (৬) অনুযায়ী মন্ত্রণালয় হতে প্রাথমিক অনুমতি ব্যতিরেকে কোনো প্রতিষ্ঠান স্থাপন কিংবা চালু করা যাবে না। স্বীকৃতিপ্রাপ্ত নিম্নমাধ্যমিক বিদ্যালয়কে মাধ্যমিক পর্যায়ে উন্নীত করতে হলে শর্ত পালন করে পাঠদানের অনুমতির জন্য আবেদন করতে হবে।

  
(আনোয়ারুল হক)  
উপসচিব  
ফোন: ৯৫৪৫৭২০

ই-মেইল : ds\_sec2@moedu.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, .....(সকল)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .....(সকল অঞ্চল)।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(আনোয়ারুল হক)  
উপসচিব